

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৬/০১/২০১৬ তারিখে অনুষ্ঠিত ৮ম সভার কার্যবিবরণী :

সভাপতি	:	মোঃ এরশাদ-উর-রশীদ পরিচালক (দাঃ বিঃ ও ঋণ), ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
স্থান	:	পরিচালকের অফিস কক্ষ।
তারিখ ও সময়	:	২৬ জানুয়ারী ২০১৬ : সকাল ১১:০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত :

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আব্দুর রেজ্জাক, সদস্য সচিব, ইনোভেশন টিম বিগত সভার (৭ম সভার) কার্যবিবরণী পাঠ করেন। কার্যবিবরণীতে জনাব সালেহ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক(আইসিটি) কর্তৃক সংশোধনী অন্তর্ভুক্ত করা হয়। বোরহান উদ্দিন উপজেলায় ইনোভেশনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং গৃহীত উদ্যোগের ২৫% অগ্রগতি হয়েছে। সভায় আর কোন আপত্তি না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ৩টি সুপারিশ গৃহীত হয়েছিল। ইনোভেশন টিমের সদস্যগণকে ইনোভেটর কর্মকর্তাদের মেন্টর হিসেবে কাজ করার জন্য যে দায়িত্ব বন্টন করা হয়েছে তার অগ্রগতি নিয়ে আলোচনা হয়। সভাপতি সভাকে জানান যে তিনি খুলনার রুপসা, কুষ্টিয়ার কুমারখালি এবং সাতক্ষীরার সদর, উপজেলার “ বেকার মুক্ত গ্রাম সৃজন ” আইডিয়া বাস্তবায়নের ব্যাপারে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার সাথে মত বিনিময় করেছেন। তাদের কাজের অগ্রগতি সন্তোষজনক। উপপরিচালক(প্রশিক্ষণ) জনাব মাসুদা আকন্দ সভাকে জানান যে, তিনি এ মাসে কোন ইনোভেটরের সাথে যোগাযোগ করতে পারেন নাই। এসআইএফ ফান্ডের ব্যাপারে তিনি জানান যে, আগামী ৩০/০১/২০১৬ তারিখে বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে ফান্ড প্রাপ্তির উপস্থাপনা অনুষ্ঠিত হবে। কমিটির সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক সভাকে জানান যে তিনি সবকটি উপজেলায় যোগাযোগ করেছেন। এর মধ্যে মেলান্দহ, জামালপুরে গ্রাম জরিপের কাজ চলছে। উপপরিচালক(চঃদাঃ) জনাব ফরহাত নূর সভাকে জানান যে, তিনি সবকটি উপজেলায় যোগাযোগ করেছেন। তাদের কাজের অগ্রগতি সন্তোষজনক। সহকারী পরিচালক(আইসিটি) জনাব সালেহ উদ্দিন আহমেদ, উপপরিচালক(চঃদাঃ) সৈয়দ আব্দুল কাইয়ুম এবং সহকারী পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) জনাব মোঃ শাহীনুর রহমান সভাকে জানান যে, তারা এ মাসে কোন উপজেলার ইনোভেটরের সাথে যোগাযোগ করতে পারেননি। সদস্য সচিব সভাকে জানান যে এটুআই এর আওতায় এ যাবৎ যারা ইনোভেশন প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের নিকট ইনোভেশন আইডিয়া প্রেরণের জন্য পত্র দেয়া হয়েছিল। তাদের মধ্যে থেকে ১৯জন কর্মকর্তা আইডিয়া প্রেরণ করেছেন। প্রাপ্ত আইডিয়াগুলি সভায় উপস্থাপন করা হয়। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য অধিদপ্তরের মাঠ পর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট পত্র দেয়ার প্রয়োজন হবে। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ গৃহীত হয়।

**সুপারিশ :**

- ১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্যকে মেন্টর হিসেবে অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন অব্যাহত রাখা ;
- ২। ইনোভেশন আইডিয়া সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট পত্র দেয়া ;
- ৩। প্রতিমাসে দুইটি আইডিয়া মন্ত্রণালয়ে পাঠানো ;
- ৪। এস আই এফ ফান্ড প্রাপ্তির ব্যাপারে প্রয়োজনীয় যোগাযোগ অব্যাহত রাখা ;
- ৫। ইতোমধ্যে প্রাপ্ত আইডিয়াগুলো যাচাই বাছাই করে আগামী সভায় করণীয় নির্ধারণ করা ;
- ৬। চলতি বছরের জন্য গৃহীত বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ।

অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ এরশাদ-উর-রশীদ)

পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও

ইনোভেশন অফিসার

ফোনঃ ৯৫৬১৩৫৩।


e-mail: [ershad.dyd@gmail.com](mailto:ershad.dyd@gmail.com)

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫-৮৩

তারিখঃ ০২/০২/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব----- সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট নথি।

  
০২/০২/২০১৬

(মোঃ আব্দুর রেজজাক)  
উপপরিচালক (প্রোগ্রামার)

ও

সদস্য সচিব, ইনোভেশন টিম

যুব উন্নয়ন অধিদপ্তর

ফোনঃ ৯৫১৪৯৭৭

e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট-“ক”

২৬/০১/২০১৬ তারিখ সকাল ১১.০০টায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকা :

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ আব্দুর রেজজাক উপপরিচালক (প্রোগ্রামার)	অস্পষ্ট
২.	জনাব মাসুদা আকন্দ উপপরিচালক(প্রশিক্ষণ)	অস্পষ্ট
৩.	জনাব সৈয়দ আবদুল কাইয়ুম উপপরিচালক(পরিকল্পনা) চঃ দাঃ	অস্পষ্ট
৪.	জনাব মোঃ ফরহাত নূর উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) চঃদাঃ	অস্পষ্ট
৫.	জনাব মোঃ শাহীনুর রহমান সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ)	অস্পষ্ট
৬.	জনাব সালেহ উদ্দিন আহমেদ সহকারী পরিচালক (আইসিটি)	অস্পষ্ট